



## গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

সভার নামঃ জরুরী পরিচালনা পর্ষদ সভা, ২০১৬।

তারিখঃ ২৬ আগস্ট ২০১৬।

স্থানঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ, সোনাডাঙ্গা, খুলনা।

অদ্যকার পরিচালনা পর্ষদের জরুরী সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের মাননীয় চেয়ারম্যান জনাব ডা. গাজী মিজানুর রহমান। গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এবং চক্ষু বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস গত ২৩ আগস্ট ২০১৬ তারিখে বাংলাদেশ কমিউনিটি অফথ্যালমোলজিক্যাল সোসাইটি কর্তৃক “আউটস্ট্যাভিং আই কেয়ার সার্ভিসেস ইন কমিউনিটি লেভেল” পুরস্কার লাভ করায় তাকে অভিনন্দন জানান।

### উপস্থিতি:

পরিচালনা পর্ষদের মোট ১৫ জন সদস্যদের মোট ১২ জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরূপ:

ক্রমিক নং	নাম	পদবী
১	ডাঃ গাজী মিজানুর রহমান	চেয়ারম্যান
২	মিসেস তানিয়া রহমান	দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য
৩	গাজী তানজিনা মেহনাজ	প্রতিষ্ঠাতা সদস্য
৪	গাজী সেজান তানভীর	প্রতিষ্ঠাতা সদস্য
৫	অধ্যাপক ড. মোঃ আহসান হাবিব	রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
৬	অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী	শিক্ষক প্রতিনিধি
৭	ডাঃ বঙ্গ কমল বসু	শিক্ষক প্রতিনিধি
৮	মোঃ কামরূল হাসান	অভিভাবক প্রতিনিধি
৯	অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী	বিদোৎসাহী প্রতিনিধি
১০	ডাঃ মুজিবর রহমান	বিদোৎসাহী প্রতিনিধি
১১	ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম	বিশেষজ্ঞ প্রতিনিধি
১২	অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস	সদস্য সচিব

### সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্তসমূহঃ

১। প্রথমেই পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন পর্ষদের সদস্য ও গাজী মেডিকেল কলেজের সার্জারী বিভাগের সহযোগি অধ্যাপক ডাঃ বঙ্গ কমল বসু।

সভাপতি মহোদয় ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ শিক্ষাবর্ষের আভারস্কোর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি, কোর্টের রায় ও রেজিষ্ট্রেশন করা এবং আগামী ০২ মে ২০১৬ অনুষ্ঠিত হতে যাওয়া ১ম প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত কর্ণার যথাবিহিত এবং তড়িৎ ব্যবস্থা গ্রহণ করায় রাজশাহী বিশ্ববিদ্যালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।


গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ শৈলেন্দ্রনাথ মিশ্রী স্বেচ্ছায় অব্যহতি দেয়ায় এ জরুরী সভা ডাকা হয়। সভায় তার অব্যহতিপত্র গ্রহণ করা হয় এবং এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, নতুন একজন অধ্যক্ষ অতি শীত্রাই নিয়োগ দেয়া হবে। এর জন্য ২৩ আগস্ট ২০১৬ তারিখে দেশের শীর্ষ দৈনিক প্রথম আলো, স্থানীয় দৈনিক পত্রিকা দৈনিক পূর্বাঞ্চল এবং অনলাইন জব পোর্টাল বিডিজিবস এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

নতুন অধ্যক্ষ নিয়োগ দেয়ার জন্য পর্যন্ত একটি পূর্ণাঙ্গ নিয়োগ কমিটি গঠন করে। যার সদস্যরা হলেন-

১. ডাঃ গাজী মিজানুর রহমান, আহবায়ক ও চেয়ারম্যান গাজী মেডিকেল কলেজ
২. অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস, সদস্য ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ
৩. রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনিত সদস্য-১
৪. রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনিত সদস্য-২
৫. অধ্যাপক ডাঃ এসকে বল্লভ, উপাধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ, খুলনা।

সভায় উল্লেখ করা হয় যে, গাজী মেডিকেল কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস কে বর্তমানে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব দেয়া হয়েছে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ গাজী মিজানুর রহমান  
সভাপতি, পরিচালনা পর্যন্ত এবং  
চেয়ারম্যান, গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যেবনের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।



অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস,  
সদস্য সচিব, পরিচালনা পর্যন্ত এবং  
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ